"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের "নৈতিকতা কমিটির" ১৯/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কামরুন নাহার<br>সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১৯/১১/২০১৯ খ্রি:। |
| সময় | : | দুপুর ১২:৩০ ঘটিকা। |
| স্থান | : | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৩২৩, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক। |

সভাপতি মহোদয় সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য-সচিব উপসচিব (প্রশাসন-১) এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ সভায় উপস্থাপন করেন। অত:পর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (ক) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের NIS Focal Point অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mowca.gov.bd) দেয়া আছে। তিনি বলেন কর্মপরিকল্পনায় প্রত্যেক শাখা এবং অধিশাখার কাজ নির্ধারিত রয়েছে তা নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা প্রয়োজন। তা-না হলে কর্মপরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রণালয় পিছিয়ে পড়তে পারে। সভাপতি মহোদয় যথাসময়ে মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল 'কর্মপরিকল্পনা ২০১৯-২০ বাস্তবায়ন করার অভিমত ব্যক্ত করেন। এ লক্ষ্যে মন্ত্রণালয়ের সকল দপ্তর/ সংস্থা/ শাখা কর্তৃক Time bound action plan এর মাধ্যমে যথাসময়ে কাজ সম্পন্ন করত: বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পর পরই NIS Focal Point এর নিকট দাখিল করা প্রয়োজন। | মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী সকল দপ্তর/ সংস্থার প্রধান এবং মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা তাঁর দপ্তর/ শাখা সংশ্লিষ্ট কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করত: ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে NIS Focal Point এর নিকট দাখিল করবেন। | * মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>*নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br>*মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী<br>*উপসচিব/ সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সকল), মশিবিম |
| (খ) | কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা, গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর, সংস্থা ও একাডেমী কর্তৃক পরিচালিত প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রমসমূহ ই-মনিটরিং এবং সরজমিনে পরিদর্শনের বিষয়ে আলোচনা হয়। | কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা, গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর, সংস্থা ও একাডেমী কর্তৃক পরিচালিত প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রমসমূহ সরেজমিনে পরিদর্শন ও ই-মনিটরিং জোরদার করতে হবে। | * অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম<br>* মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>* নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br>* মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী<br>* প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| (গ) | বিভিন্ন সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি এবং বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে দপ্তর/সংস্থা কর্তৃক গণশুনানীর আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। গণশুনানীতে সাধারণ জনগণ, সুশীল সমাজ এবং সরকারি কর্মকর্তারা উপস্থিত থাকতে পারেন। এতে কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে। | সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি অবহিতকরণ এবং বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমী সাধারণ জনগণ, সুশীল সমাজ এবং সরকারি কর্মকর্তাদের উপস্থিতিতে গণশুনানীর আয়োজন করবে এবং কতটি গণশুনানী অনুষ্ঠিত হয়েছে তার প্রমাণকসমূহ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | * মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>* নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br>* মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী |

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (ঘ) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমীর প্রশিক্ষণ ক্যালেন্ডারে জাতীয় শুদ্ধাচার বিষয়টি অন্তর্ভূক্তকরণের বিষয়ে আলোচনা হয়।<br>এছাড়া বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক পরিচালিত বিভিন্ন কোর্স এবং প্রাক-প্রাথমিক সেন্টারে শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিস্তারিত আলাচনা হয়। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমীর প্রশিক্ষণ ক্যালেন্ডারে জাতীয় শুদ্ধাচার বিষয় অন্তর্ভূক্তকরণ করতে হবে। | * অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম<br>* ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন<br>* মহাপরিচালক, মবিঅ<br>* নির্বাহী পরিচালক, জামস<br>* মহাপরিচালক, বাশিএ<br>* উপসচিব (প্রশিক্ষণ), মশিবিম |
| (ঙ) | উপসচিব (প্রশাসন-১) জনাব মোহাম্মদ ইয়ামিন খান মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের উত্তম চর্চা (Best Practices)'র ১ম কোয়ার্টারে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন এবং উত্তম চর্চর তালিকার দ্বিতীয় কোয়ার্টারে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের উত্তম চর্চা (Best Practices)'র ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (প্রমাণক ও স্থির চিত্রসহ) প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে হবে। | * ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন<br>* মহাপরিচালক, মবিঅ<br>* নির্বাহী পরিচালক, জামস<br>* মহাপরিচালক, বাশিএ<br>* সিনিয়র সহকারী সচিব (প্রশা-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| | | <u>২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/২০১৯)- এ বাস্তবায়িতব্যঃ</u><br>(ক) অগ্নিকান্ডের সময় Fire extinguisher ও Fire exit ব্যবহার নিশ্চিত করা এবং Indicator-সমূহ (নির্দেশক চিহ্ন) ব্যবহার করা ;<br>(খ) দাপ্তরিক কাজে অন-লাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/ এস এম এস) এর ব্যবহার নিশ্চিত করা;<br>(গ) সোস্যাল মিডিয়ার ব্যবহার করে নাগরিক সমস্যা সমাধানের নিমিত্ত এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর, সংস্থা ও একাডেমীর জন্য ফেসবুক পেজ চালু করা; | * ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন<br>* মহাপরিচালক, মবিঅ<br>* নির্বাহী পরিচালক, জামস<br>* মহাপরিচালক, বাশিএ<br>* সিনিয়র সহকারী সচিব (প্রশা-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| (চ) | বিবিধ বিষয়: মার্চ/২০১৯ মাসে 'নৈতিকতা কমিটি' গঠিত হয়। গঠিত কমিটিতে বাংলাদেশ শিশু একাডেমীর সদস্য হিসেবে পরিচালককে অন্তর্ভুক্ত করা হয়। বর্তমানে বাংলাদেশ শিশু একাডেমীতে মহাপরিচালকের পদ সৃষ্টি হয়েছে। বিধায়, উক্ত কমিটির সদস্য হিসেবে পরিচালকের পরিবর্তে মহাপরিচালককে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এছাড়া জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালককেও উক্ত কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়। | মার্চ/২০১৯ মাসে 'নৈতিকতা কমিটি' গঠিত হয়। উক্ত কমিটিতে জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক এবং বাংলাদেশ শিশু একাডেমীর পরিচালকের পরিবর্তে মহাপরিচালককে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। | উপসচিব (প্রশাসন-১) ও জাতীয় শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, মশিবিম। |

০২। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলেকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কামরুন নাহার)
সচিব

৭৭

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-১ শাখা
www.mowca.gov.bd

নম্বর: ৩২.০০.০০০০.০১৮.০৬.০০৬.১৯.২০২

তারিখ: ১০ চৈত্র ১৪২৫
২৪ মার্চ ২০১৯

## অফিস আদেশ

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটি'র গত ১১/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্তভাবে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত 'নৈতিকতা কমিটি' নির্দেশক্রমে গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ০১। | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সভাপতি |
| ০২। | অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ০৩। | অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য |
| ০৪। | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৫। | নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা | সদস্য |
| ০৬। | যুগ্মসচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য |
| ০৭। | যুগ্মসচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ০৮। | পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা | সচিব |
| ০৯। | উপসচিব (প্রশাসন-১), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য-সচিব |

**কমিটির কার্য পরিধিঃ**

(ক) সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
(খ) পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন;
(গ) কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ;
(ঘ) এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ; এবং
(ঙ) এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।
(চ) কমিটি যে কোন সদস্য কো-অপ্ট করতে পারবে; এবং
(ছ) বিবিধ।

২৪-৩-২০১৯
মোঃ মাসুদুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫৪০১০৬
ইমেইল:
mowcaadmnone@gmail.com

১৩

নম্বর: ৩২.০০.০০০০.০১৮.০৬.০০৬.১৯.২০২/১(৯)

তারিখ: ১০ চৈত্র ১৪২৫
২৪ মার্চ ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

২) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর

৩) নির্বাহী পরিচালক , জাতীয় মহিলা সংস্থা

৪) যুগ্ম-সচিব, শিশু ও সমন্বয় উইং, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৫) যুগ্ম-সচিব, প্রশাসন অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৬) পরিচালক, পরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমী

৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৮) প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় [অফিস আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।

২৪-৩-২০১৯

মোঃ মাসুদুর রহমান

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)